



তারিখঃ ১৮-০৪-২০২৫ (পৃঃ ১২)

ব্রিতে আরসিজিএস প্রকল্পের পরিচিতি কর্মশালা

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) সদর দফতরে গতকাল বৃহস্পতিবার 'ব্রি সাপোর্ট টু সাকসেসফুল ইমপ্লিমেন্ট র‍্যাপিড সাইকল জিনোমিক সিলেকশন (আরসিজিএস)' প্রকল্পের পরিচিতি কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। কর্মশালায় প্রধান অতিথি ছিলেন ব্রির মহাপরিচালক ড. মোহাম্মদ খালেদুজ্জামান। ব্রির পরিচালক (গবেষণা) ড. মো: রফিকুল ইসলামের সভাপতিত্বে কর্মশালায় বিশেষ অতিথি ছিলেন ব্রির পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মুনুজান খানম এবং আন্তর্জাতিক ধান গবেষণা ইনস্টিটিউট (ইরি) বাংলাদেশের সিনিয়র সাইন্টিস্ট এবং রাইস ব্রিডার ড. মো: রফিকুল ইসলাম। সম্মানিত অতিথি ছিলেন গোটস ফাউন্ডেশনের সিনিয়র প্রোগ্রাম অফিসার ড. গ্যারি অ্যাটলিন। স্বাগত বক্তব্য রাখেন উচ্চিদ প্রজনন বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা এবং প্রধান ড. খোন্দকার মো: ইফতেখারুদ্দৌলা। মূল প্রবন্ধ উপস্থাপন করেন উচ্চিদ প্রজনন বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. পার্থ সারথী বিশ্বাস। বিজ্ঞপ্তি।